

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। ২০২৫-২০২৬ অর্থ বছরের সাপাশো ফেজ-১ এর অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্ত ক্র: নং-২। Maintenance Instruction by Ondeo Degreemont।
সংযুক্ত ক্র: নং-৩। পূর্ব অনুমোদিত দর।
সংযুক্ত ক্র: নং-৪। প্রাক্কলন।
সংযুক্ত ক্র: নং-৫। প্রতিবেদন।

বিষয়- Repairing, maintenance & Painting of Wash Water Recovery Tank 3 nos 9KW Pump Motor at SWTP-1. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং-১ থেকে ৫ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে, সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ- ১) ২০০২ সালে চালু হয়। উক্ত শোধনাগার হতে প্রতিদিন ২২.৫ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হচ্ছে। উক্ত শোধনাগারের ফিল্টার ব্যাক ওয়াসের জন্য নির্মিত Wash Recovery ট্যাংকে ৩টি ৯ কিলো ওয়াট ক্ষমতা সম্পন্ন ITT FLYGT ব্র্যান্ডের স্লাজ পাম্প মোটর রয়েছে। উক্ত স্লাজ পাম্পের মাধ্যমে প্রয়োজনে ডিভাইডিং চেম্বারে রি ইউজের জন্য অথবা র-ওয়াটারে রি ইউজের জন্য অথবা পানির কোয়ালিটি অতি মাত্রায় খারাপ থাকলে ড্রেনের মাধ্যমে সরাসরি প্লান্টের বাইরে অপসারণ করা হয়। প্লান্ট স্থাপনকারী প্রতিষ্ঠান Ondeo Degreemont এর Maintenance Instruction অনুসারে প্রতি বছরে তাদের তালিকা ভুক্ত পার্টস সমূহ পরিবর্তনের মাধ্যমে একটি মেজর রিপেয়ারিং ও সার্ভিসিং করা প্রয়োজন। এরই ধারাবাহিকতায় পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

২। সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ- ১) এর স্লাজ ট্যাংকে ৩টি ১১ কিলো ওয়াট ক্ষমতা সম্পন্ন স্লাজ পাম্প মোটর স্পেয়ার সহ মেরামতের জন্য পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত পূর্বক (সংযুক্ত ক্র: নং-৩, ৪ দ্রঃ) উপস্থাপন করা হল। ইহাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ- ৪,৯৭,৯০০.০২৬ (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার নয়শত দশমিক শূন্য দুই ছয়) মাত্র। উল্লেখ্য, Scrapped materials এর মূল্য পূর্ব অনুমোদিত দর অনুযায়ী ঠিকাদারের বিল হতে কতন করা হবে।

৩। আলোচ্য কাজের ব্যয়ভার অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতের সিরিয়াল নং-M-64 প্যাকেজ নং-W-40 হতে ব্যয় নির্বাহ করা হবে।

৪। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সা.পা.শো.-১ এর Repairing, maintenance & Painting of Wash Water Recovery Tank 3 nos 9KW Pump Motor at SWTP-1. কাজে উপস্থাপিত - ৪,৯৭,৯০০.০২৬ (টাকা চার লক্ষ সাতানব্বই হাজার নয়শত দশমিক শূন্য দুই ছয়) মাত্র টাকার প্রাক্কলনটি আর্থিক কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-06 এবং PPR-2008 অনুসরণে e-GP(LTM) এ সম্পাদনের নিমিত্তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

ফাতেমা আক্তার
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

মোঃ আব্দুল্লাহ আলী
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুল সলিম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।